



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
mail: pr@nu.edu.bd

তারিখঃ ২৮/০৭/২০১৯

## সংবাদ বিজ্ঞপ্তি

### জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষ ভর্তির আবেদন শুরু ১ সেপ্টেম্বর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির আবেদন শুরু ১ সেপ্টেম্বর থেকে। অনলাইন-এ আবেদন গ্রহণ চলবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। প্রার্থীদের অনলাইন আবেদন ফরম আগামী ১৬ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। ১ লা অক্টোবর থেকে শিবাধীর্ষীদের ক্লাস শুরু হবে।

আজ রবিবার (২৮/০৭/২০১৯) সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সাধারণ সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ।

### ১ম বর্ষ অনার্স প্রফেশনাল ভর্তি কার্যক্রম শুরু ২২ সেপ্টেম্বর থেকে

২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স (প্রফেশনাল) অনলাইন আবেদন গ্রহণের তারিখ ২২ সেপ্টেম্বর থেকে ৯ অক্টোবর পর্যন্ত নির্ধারণ করা হয়। প্রার্থীদের অনলাইন আবেদন ফরম ১০ অক্টোবর ২০১৯ এর মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। ১ম বর্ষ অনার্স (প্রফেশনাল) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরু ২৪ অক্টোবর ২০১৯।

একই অথবা দুটি ভিন্ন শিবার্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে। যথাসময়ে দৈনিক পত্রিকা ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) প্রকাশ করা হবে।

সভায় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মশিউর রহমান, ট্রেজারার প্রফেসর মো. নোমান উর রশীদ, স্কুল অব আন্ডার গ্রাজুয়েট স্টাডিজের ডিন প্রফেসর ড. মো. নাসির উদ্দিন, ডিনবন্দ, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিচালক আইসিটিসহ সকল বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন।